

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২১ এপ্রিল, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২১-০৪-২০২৬ তারিখ জনাব সিরাজুম মুনীরা কায়সান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে সুলেমান রেস্টুরেন্ট এন্ড কাবাব, ৫৭, পশ্চিম আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে উক্ত রেস্টুরেন্টটির রান্নাঘর অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা যায়। অর্থাৎ মেঝেতে নোংরা অবস্থায় ময়লা পানি জমাট অবস্থা, ময়লার পাত্র আচ্ছাদনহীন অবস্থায় পরিলক্ষিত হয়; কোন প্রকার লেবেল সংযোজন ব্যতিরেকে ঘি, বোরহানি, ফিরনি ও গুড়া দুধ সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও হালনাগাদকৃত ফায়ার লাইসেন্স, রেস্টোরী নিবন্ধন সনদ ও পেস্ট কন্ট্রোল প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হয়।

উল্লেখ্য যে, গত ২৯/০৭/২০২৫ খ্রি. তারিখে উক্ত রেস্টুরেন্টে মোবাইল কোর্টের মাধ্যমে সতর্ক করা হয় এবং উক্ত প্রতিষ্ঠানের মালিক উপস্থিত না থাকায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপক এর নিকট এসব অসংগতির ব্যাপারে জানতে চাইলে সে কোন প্রকার সদত্তর দিতে পারে নাই। এসকল অপরাধসমূহের ভিত্তিতে সকলদিক বিবেচনাপূর্বক উক্ত ব্যবস্থাপক দোষ স্বীকার করলেও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অধিকতর তদন্তসহ সুবিচারের জন্য উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের জন্য আদেশ দেন।

অভিযানকালে জনাব মো: মিজানুর রহমান, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


২১.০৪.২০২৬

বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।